

২০১১

স্নাতকোত্তর

বাংলা

পাঠপর্যায়-১

পাঠমালা-২

Course No. BNG—102

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রস্তুতমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

সমস্ত প্রশ্নের উত্তর দাও।

- ১। চৈতন্য রেনেসাঁস বলতে কী বোঝায় ? উনিশ শতকীয় নবজাগরণের সঙ্গে এর পার্থক্য কোথায় ? — সংক্ষেপে উত্তর দাও। ৪+৪

অথবা

আদি-মধ্যযুগের বাঙালী সমাজ ও সংস্কৃতির পরিচয় দাও।

- ২। বৌদ্ধ সহজিয়া ধর্ম-দর্শন সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৮

অথবা

সূফী ধর্মদর্শনের সাধারণ পরিচয় দাও।

- ৩। বাংলা মঙ্গল কাব্যের ধারায় মনসামঙ্গলের বিশেষত্ব নির্দেশ করো। এই প্রসঙ্গে বিজয়গুপ্তের কবি-প্রতিভার বৈশিষ্ট্য চিহ্নিত করো। ৩+৫

অথবা

শিবায়নকে মঙ্গলকাব্য ধারার অন্তর্ভুক্ত করা সঙ্গত কিনা সে সম্পর্কে তোমার মতের সপক্ষে যুক্তি দেখাও। প্রসঙ্গত রামেশ্বর ভট্টাচার্যের কবিপ্রতিভার মূল্যায়ণ করো।

- ৪। মধ্যযুগের বাংলা অনুবাদ সাহিত্য ধারার প্রথম পর্যায়ের বৈশিষ্ট্য ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ৮

অথবা

রামায়ণ ও মহাভারতের তুলনায় ভাগবতের অনুবাদ কম হওয়ার কারণ কী ? মালধর বসুর ভাগবত অনুবাদের বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ আলোচনা করো। ৮

- ৫। জ্ঞানদাসের পদে রোমান্টিকতা ও আধুনিকতার প্রকাশ কোথায় কীভাবে ঘটেছে দেখিয়ে দাও। ৮

অথবা

কবিসত্তা ও কাব্যশিল্পের নিরিখে বিদ্যাপতির সঙ্গে গোবিন্দ দাসের একটি সংক্ষিপ্ত তুলনামূলক আলোচনা করো।

---